সমকাল

তারিখ 30 DEC 2015
পৃষ্ঠা ৪ কলাম ৫

# শুক্রবার কার্জন হল প্রাঙ্গণে গাছ চেনানোর অনুষ্ঠান

■ সমকাল প্রতিবেদক

আগামী শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে গাছ চেনানোর অনুষ্ঠানের আয়োজন করেছে তরুপল্লব। এটি প্রকৃতি ও পরিবেশবিষয়ক সংগঠনটির ২১তম আয়োজন।

তরুপল্লবের সাধারণ সম্পাদক মোকারম হোসেন জানান, অনুষ্ঠানে প্রকৃতিপ্রেমীদের কার্জন হল প্রাঙ্গণ ও উদ্ভিদবিদ্যা বিভাগের বোটানিক্যাল গার্ডেনের গাছের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হবে। এতে উপস্থিত থাকবেন উদ্ভিদবিজ্ঞানী অধ্যাপক দ্বিজেন শর্মা, কথাশিল্পী বিপ্রদাশ বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিদ্যার অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন, উদ্ভিদবিদ শামসুল হক প্রমুখ। আগ্রহীদের ওই দিন সকাল সাড়ে ৮টার মধ্যে কার্জন হলের দোয়েল চত্বরসংলগ্ন গেটে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।